



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/কক্সবাজার-৪৯/ ৬৮/৩ /

তারিখ: ২৬.০৯.২০২০খ্রি.


বিষয়: মৃত্যুজনিত কারণে পুনরায় ম্যানেজিং কমিটির সভাপতি পদে মনোনয়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে কক্সবাজার জেলার কতুবদিয়া উপজেলাধীন আল-ফারুক আদর্শ দাখিল মাদ্রাসার বিদ্যমান ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মো: নুরুল হোসাইন গত ০৪/০৯/২০২০ খ্রি. তারিখে মৃত্যুবরণ করায় মাদ্রাসার সুপার পুনরায় সভাপতি মনোনয়নের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করেছেন। দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর প্রবিধান-৮(৫) অনুসারে প্রিজাইডিং অফিসারের সভাপতিত্বে ম্যানেজিং কমিটির সভা অনুষ্ঠান পূর্বক সদস্যদের সর্বসম্মত সিদ্ধান্তক্রমে জনাব এডভোকেট জিনিয়া হোসাইনকে সভাপতি হিসেবে নির্বাচন করে সভার কার্য বিবরণী অত্র বোর্ডে প্রেরণ করেছেন।

বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে বিগত ১৬/০৮/২০২০খ্রি. তারিখের নং-বামাশিবো/প্রশা/ ২২১২০১০৬৩০১১/২৭০৮৯/নথি নং-৪৯ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির অবশিষ্ট মেয়াদের জন্য জনাব এডভোকেট জিনিয়া হোসাইনকে সভাপতি পদে মনোনয়ন দেয়া হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

সুপার,
আল-ফারুক আদর্শ দাখিল মাদ্রাসা
লেমশীখালী, কতুবদিয়া, কক্সবাজার


২৬.০৯.২০২০

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা


ফোন: ৯৬১২৮৫৮

নং-বামাশিবো/প্রশাসন/কক্সবাজার-৪৯/ ৬৮/৩ /

তারিখ: ২৬.০৯.২০২০খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, কক্সবাজার;
২. জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার;
৩. উপজেলা নির্বাহী অফিসার, কতুবদিয়া, কক্সবাজার;
৪. জনাব এডভোকেট জিনিয়া হোসাইন (সভাপতি), আল-ফারুক আদর্শ দাখিল মাদ্রাসা, কতুবদিয়া, কক্সবাজার
৫. পি ও টু চেয়াম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।


২৬/৯/২০২০

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪